বাঁশখালীতে ‘বন্দুকযুদ্ধে’ জলদস্যু নিহত

নিউজ ডেক্স: বাঁশখালীতে র্যাবের সঙ্গে ‘বন্দুকযুদ্ধে’ এক জলদস্যু নিহত হয়েছেন। শনিবার (৪ মে) দিবাগত রাতে বাঁশখালী উপজেলার ছোট ছনুয়ার পুঁইছড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত ব্যক্তি এলাকায় ‘বাহাদুর ডাকাত’ নামে পরিচিত ছিলেন। তিনি সাগরে মাছ ধরার ট্রলারে ডাকাতির সঙ্গে জড়িত বলে র্যাবের দাবি। তার বিরুদ্ধে অস্ত্র আইন, খুন ও ডাকাতিসহ মোট সাতটি মামলা আছে।

র্যাব-৭ এর মিডিয়া অফিসার সহকারী পুলিশ সুপার মো. মাশকুর রহমান বলেন, জলদস্যুদের সঙ্গে গুলি বিনিময়ের পর ঘটনাস্থল থেকে একজনের গুলিবিদ্ধ মরদেহ উদ্ধার করা হয়। এছাড়া ঘটনাস্থল থেকে ২টি আগ্নেয়াস্ত্র ও ২৩ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে।